



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিবাল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমটি-০১/২০১৯

তারিখ : ২১ চৈত্র, ১৪২৫  
০৪ এপ্রিল, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

“জাতীয় সঞ্চয়ক্ষিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম” চালুসহ সঞ্চয়ক্ষিম-এর সুদ ও আসল  
BEFTN এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ২৪ মার্চ, ২০১৯ তারিখের স্মারক নং-  
০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-১০১ এর প্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ‘সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ  
অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস)’ শীর্ষক কর্মসূচির আওতায় প্রণীত ‘জাতীয় সঞ্চয়ক্ষিম অনলাইন  
ম্যানেজমেন্ট সিস্টেম’ চালুর বিষয়ে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো :

ক) বর্ণিত সিস্টেমটি মার্চ, ২০১৯ মাসের মধ্যে ঢাকা মহানগরীতে, এপ্রিল, ২০১৯ মাসের মধ্যে বিভাগীয় শহরে এবং জুন, ২০১৯  
মাসের মধ্যে দেশের অন্যান্য স্থানে অবস্থিত সকল দপ্তরে চালুকরণ এবং আগামী ১ জুলাই, ২০১৯ তারিখ হতে এ সিস্টেম-এর  
আওতাবহিত্বে সঞ্চয়ক্ষিম লেনদেনকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক কোন সঞ্চয়ক্ষিম লেনদেন না করণ ;

খ) এ সিস্টেম থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী দৈনিক বিক্রির বিবরণীর ভিত্তিতে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের হিসাব ডেবিট করে  
সরকারি হিসাবে ক্রেডিট করণ এবং সঞ্চয়ক্ষিম-এর সুদ ও আসল BEFTN-এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ  
নিশ্চিত করণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

ই-মেইলঃ khurshid.alam@bb.org.bd